ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৭৯

জম্পুইজলা,২৮ জুন,২০২৫

## ধরতি আবা জনভাগীদারি অভিযানে জম্পুইজলা মহকুমার ৪টি ভিলেজ কমিটিতে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত

গতকাল জম্পুইজলা মহকুমা প্রশাসনের উদ্যোগে দয়ারাম পাড়া ভি.সি., লাটিয়াছড়া ভি.সি., থেলাকুং ভি.সি. এবং পাথালিয়াঘাট ভি.সি.তে ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এরমধ্যে উজান গোলাঘাটি হাইস্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত শিবিরে ৭১টি এস.টি. সার্টিফিকেট, ৭৪টি পি.আর.টি.সি. সার্টিফিকেট, ২১টি ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৪৮ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয় এবং ৯ জনের আয়ুষ্মান কার্ডের জন্য নাম রেজিস্ট্রেশন করা হয়। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ১ জনকে কে.সি.সি. ফর্ম, ২৫ জন মৎস্যচাষিকে মাছের ওষুধ এবং মাছ চাষের উপকরণ প্রদান করা হয়। জম্পুইজলা ব্লকের পক্ষ থেকে শিবিরে ১৫ জনকে আর.ও.আর. প্রদান করা হয়। জন্মের সার্টিফিকেটের জন্য প্রমোদনগর সাব-জেড.ডি.ও.-র কাছে ২টি আবেদনপত্র জমা পড়ে। এই শিবিরে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডি.সি.এম. বেঞ্জামিন ডার্লং এবং জম্পুইজলা ব্লকের এডিশনাল বি.ডি.ও. বীরবাহাদুর রিয়াং।

লাটিয়াছড়া হাইস্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরে এস.টি. সার্টিফিকেটের জন্য ৫৮টি, ৫৭টি পি.আর.টি.সি., ১৬টি ইনকাম এবং ৪টি রেশন কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৬ জনকে বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা দেওয়া হয় এবং ২৯ জনের আয়ুষ্মান কার্ডের জন্য নাম রেজিস্ট্রেশন করানো হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৩০টি গৃহপালিত পশু এবং ১৮টি পাখির জন্য ওষুধ বিতরণ করা হয়। এতে ১৭ জন কৃষক উপকৃত হয়েছেন। প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন জম্পুইজলার ডি.সি.এম. অভিরাম দেববর্মা। এছাড়াও গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানে জম্পুইজলা ব্লকের পাথালিয়াঘাট ভি.সি.-র ২ নং ওয়ারেংবাড়ি এস.বি. বিদ্যালয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন জম্পুইজলা ডি.সি.এম. বিশ্বনাথ রায়। শিবিরে পি.আর.টি.সি. সার্টিফিকেটের জন্য ৬০টি, এস.টি. সার্টিফিকেটের জন্য ৭৩টি এবং ইনকাম সার্টিফিকেটের জন্য ১৩টি আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়াও গতকাল থেলাকুং ভি.সি. কার্যালয়ে আধার কার্ডের জন্য বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে ৪১টি আধার কার্ড আপডেট করা হয়। এছাড়া ৫টি রেশন কার্ডের সাথে আধার কার্ডের লিঙ্ক করানো হয়।

*****